
# প্রোফেশনাল ইন্সটিটিউট ফর ডেভেলপমেন্ট এন্ড সোসিও এনভারনমেন্টাল ম্যানেজমেন্ট – প্রিজ্‌ম

বন্যা, ভূমিকম্প, ঘূর্ণিঝড় প্রভৃতি প্রাকৃতিক বিপর্যয়ের আগে ও পরে কি করা উচিত আর কি করা উচিত নয় সে বিষয়ে প্রিজ্‌মের স্বেচ্ছাসেবক অতনু দে-র লেখা এবং গ্রীণ স্কাউটের শিশুদের আঁকা ছবি নিয়ে তৈরী প্রজ্ঞাপন, যা পশ্চিমবঙ্গ সরকারের বিপর্যয় ব্যবস্থাপন দপ্তরকে বিনামূল্যে সরবরাহ করা হয়েছে। বিপর্যয়ের প্রভাব কমানো ও সেইসাথে প্রস্তুতি ও মোকাবিলার উদ্দেশ্যে মানুষকে সচেতন ও আগ্রহী করে তোলার লক্ষ্যে বিপর্যয় ব্যবস্থাপন দপ্তর দ্বারা এন.ডি.এম.এ.-র আর্থিক সহযোগিতায় রাজ্যের সর্বস্তরের প্রশাসনিক দপ্তরগুলিতে দেওয়াল লিখন হিসাবে প্রচারিত হয়েছে।





শুকনো খাবার চিড়ে, গুড়, মুড়ি প্রত্যেকেরই দরকারী,


শিশুর খাবার, পশুখাদ্য হয় না এসব সরকারী।

মূল্যবান কাগজ পত্র, দলিল, নথি, রেশনকার্ড,


নিরাপদে রাখতে হবে সাটিফিকেট, ভোটার কার্ড।




নৌকা ও ভেলা তৈরী রেখো
উদ্ধারকারী দলে,
মেলে যেন সব যা প্রয়োজন
তখন সময় কালে।



নলকূপ আর আগের মত ডুববে নাকো জলে
পাইপ আছে জড়ো করা, জুড়বে সময় কালে



মাছধরা জেলে ভাই, শুনো কান পেতে,
কখনবা মানা আছে মাঝ গাঙে যেতে।
উপকুল ভাগে যারা থেকো হুশিয়ার,
মাঝিদের মানা আছে হতে নদী পার।



বন্যা যখন কান্না হয়ে ধেয়ে আসে কাছে,

পালিয়ে যাও একেবারে উঁচু কোনো স্থানে।

বিপদে পড়লে যাবে আশ্রয় শিবিরে,


তাহলেই সকলের সহযোগ পাবে।

একা থাকা কখনোই নিরাপদ নয়,

বুদ্ধি ভ্রংশ হবে পাবে না উপায়।



শিঙে ফোকা মাইক আছে জানকারী দেয় তাতে
প্রশিক্ষণের নিয়ম মেনে চেকলিস্ট হাতে।




বাড়ী করা ঠিক নয় নীচু জলা জমিতে

নড়বড়ে ভিত হলে উড়ে যাবে ঝড়েতে





ঝড় সামলাতে চার চালা ভালো
দোচালা বাড়ির থেকে,
চাল গুলি যেন টানা বাঁধা থাকে
বোঝা যাবে আঁকা দেখে।





সবার আগে পানীয় জল
জীবাণু মুক্ত হওয়া চাই
নইলে জল'ই আনবে মরণ,
দেখবে তখন উপায় নাই।




দূর্ঘটনা ঘটতে পারে এই কথাটা ভেবে,

ফার্স্ট এইড্‌ বক্স জোগাড় করে রাখতে হবে আগে।


ছোট হলেও এই সেবাটাই যথেষ্ট দরকারী,

সবার জন্য সবাই বাঁচবো, না হোক সরকারী।



গ্যাসের নব অফ করে দাও
বিপর্যয়ের কালে,
বিদ্যুৎও দাও বন্ধ করে
ভয় আছে নাহলে।

PRISM



যখন তুমি বাড়ির বাইরে, উঠোনে বা মাঠে

বসে পড় আড়াল করে মাথা-

বলের মত গোল হয়ে যাও, যাতে জীবন বাঁচে।

PRISM



ভূমিকম্পের সময় যদি পড়ার ঘরে থাকো,
টেবিলের নীচে গিয়ে পায়া ধরে রাখো।



যখন ভূমি কাঁপতে থাকে জোরে

তোমরা যদি থাকো বিছানাতে-


তাড়াতাড়ি বালিশটাকে মুখের কাছে রাখো

অথবা যাও দ্রুতবেগে, খাটের তলায় ঢোকো।




বড় ঘরের শক্ত দেওয়াল ঘেষে


তড়িৎ বেগে গুটিয়ে যাবে, তখুনি পড়বে বসে।





সিঁড়ি দিয়ে ওঠা নয় নেমে এসো নীচে,
বাইরে বেরোও যদি ঠিক যাবে বেঁচে।





ঝুল বারান্দা নয়কো ভালো
ভূকম্প প্রবণ এলাকাতে,
আড়াআড়ি বীম দরকার
ঝক্কি সেথায় সামলাতে।